

# Times Today BD

নূর আলম | ময়মনসিংহ | 04 May, 2025

নেত্রকোণার কলমাকান্দা উপজেলায় একটি কালভার্ট নির্মাণে নিম্নমানের উপকরণ ব্যবহারের অভিযোগ উঠেছে ঠিকাদারি প্রতিষ্ঠান জুয়েল ট্রেডার্সের বিরুদ্ধে। অনিয়মের অভিযোগ তুলে ক্ষুব্ধ এলাকাবাসী কাজ বন্ধ করে দিয়েছেন। তাঁদের বাধার মুখে গত দুই দিন ধরে কাজ বন্ধ রয়েছে।

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কার্যালয় সূত্রে জানা গেছে, দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের আওতায় লেংগুরা ইউনিয়নের নাদান খালের ওপর বস্ত্র কালভার্ট নির্মাণ প্রকল্প নেওয়া হয়েছে। প্রায় ২৯ লাখ ৯৭ হাজার টাকা ব্যয়ে কাজটি বাস্তবায়ন করছে দুর্গাপুর উপজেলার ঠিকাদারি প্রতিষ্ঠান জুয়েল ট্রেডার্স। চলতি বছরের ৩০ জুনের মধ্যে নির্মাণকাজ শেষ হওয়ার কথা রয়েছে।

সরেজমিনে লেংগুরা ইউনিয়নের গোপালবাড়ি চেংনী এলাকায় গিয়ে দেখা গেছে, কালভার্টের কাজ বন্ধ রয়েছে। নির্মিত অংশে দেয়ালের পাথরের মাঝে হাত দিয়ে টান দিলেই উঠে আসছে বালু ও সিমেন্ট মিশ্রিত ঢালাই। স্থানীয়দের অভিযোগ, কাজের মান একেবারে নিম্নমানের— বালুর পরিমাণ বেশি, সিমেন্ট কম দেওয়া হয়েছে।

গোপালবাড়ি গ্রামের আদিবাসী সম্প্রদায়ের সভাপতি কমল দারিং বলেন, ‘এই কালভার্টে খুবই নিম্নমানের কাজ হয়েছে। তাই আমরা এলাকাবাসী মিলে কাজ বন্ধ করে দিয়েছি। অনিয়ম করে কাজ চলতে দেওয়া হবে না।’

এ বিষয়ে কলমাকান্দা উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মো. মমিনুল ইসলাম বলেন,

‘বিষয়টি এখনো আমার জানা নেই। খোঁজ নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।’

অনিয়ম

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 10:15

URL: <https://www.timesodaybd.com/public/mymensingh/1899775807>